গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রকল্প পরিচালকের কার্যালয়
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
www.minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-১৩২৫

তারিখ : ১২ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ। / ২৬ মে ২০২২ খ্রিষ্টব্দ।

**বিষয়: রেজিঃ-২ (হোল্ডিং)/পুরাতন নামজারি/রেকর্ডরুমের ডাটা এন্ট্রির জন্য বরাদ্দকৃত অর্থের ব্যবস্থাপনা ও ৫% হারে ভ্যাট কর্তন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারা দেশের ভূমি ব্যবস্থাপনাকে আধুনিকায়ন ও অটোমেশনের আওতায় আনতে রেজি:-২ (হোল্ডিং)-এর ডাটা, পুরাতন নামজারী খতিয়ানে ডাটা ও রেকর্ডরুমের খতিয়ানের ডাটা প্রণীত সফটওয়্যার সিস্টেমে এন্ট্রির কাজ সম্পাদনের মজুরী/পারিশ্রমিক ব্যয় নির্বাহের জন্য ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন "ভূমি ব্যবস্থাপনা অটোমেশন" শীর্ষক প্রকল্প হতে ২০২০-২১ অর্থ বছর ও বর্তমান ২০২১-২২ অর্থ বছরে নিম্নবর্ণিত ক,খ ও গ ছকে বর্ণিত স্মারক পত্রের (বরাদ্দ পত্র/ জিও) মাধ্যমে প্রকল্প অফিস হতে জেলা প্রশাসকগণ বরাবর অর্থ ছাড় করা হয়।

| ছক-ক | | | |
|---|---|---|---|
| **অর্থ বছর- ২০২০-২১ (খাত-ডাটেবেজ, কোড- ৪১১৩৩০২)** | | | |
| **ক্র:** | **স্মারক নম্বর** | **তারিখ** | **বরাদ্দের প্রকৃতি** |
| ১ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৭৫ | ১৯/০৫/২০২১ | রেজি-২ (হোল্ডিং) ঢাকা বিভাগ। |
| ২ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৭৬ | ১৯/০৫/২০২১ | রেজি-২ (হোল্ডিং) চট্টগ্রাম বিভাগ। |
| ৩ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৭৭ | ১৯/০৫/২০২১ | রেজি-২ (হোল্ডিং) রাজশাহী বিভাগ। |
| ৪ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৭৮ | ১৯/০৫/২০২১ | রেজি-২ (হোল্ডিং) খুলনা বিভাগ। |
| ৫ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৭৯ | ১৯/০৫/২০২১ | রেজি-২ (হোল্ডিং) বরিশাল বিভাগ। |
| ৬ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৮০ | ১৯/০৫/২০২১ | রেজি-২ (হোল্ডিং) সিলেট বিভাগ। |
| ৭ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৮১ | ১৯/০৫/২০২১ | রেজি-২ (হোল্ডিং) রংপুর বিভাগ। |
| ৮ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৮২ | ১৯/০৫/২০২১ | রেজি-২ (হোল্ডিং) ময়মনসিংহ বিভাগ। |
| ৯ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৮৫ | ২৭/০৫/২০২১ | পুরাতন নামজারী, ৬১ জেলা। |
| ১০ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-১৮৬ | ২৪/০৬/২০২১ | পুরাতন নামজারী, কিশোরগঞ্জ জেলা। |
| **ছক-খ** | | | |
| **অর্থ বছর- ২০২১-২২ (খাত- ডাটাবেজ, কোড- ৪১১৩৩০২)** | | | |
| **ক্র:** | **স্মারক নম্বর** | **তারিখ** | **বরাদ্দের প্রকৃতি** |
| ১ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৬১৭ | ২৮/১১/২০২১ | রেজি-২ (হোল্ডিং) ময়মনসিংহ বিভাগ। |
| ২ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৬২০ | ২৮/১১/২০২১ | রেজি-২ (হোল্ডিং) রংপুর বিভাগ। |
| ৩ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৬২১ | ২৮/১১/২০২১ | রেজি-২ (হোল্ডিং) সিলেট বিভাগ। |
| ৪ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৬৩৬ | ০১/১২/২০২১ | রেজি-২ (হোল্ডিং) রাজশাহী বিভাগ। |
| ৫ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৬৪৫ | ০৬/১২/২০২১ | রেজি-২ (হোল্ডিং) চট্টগ্রাম বিভাগ। |
| ৬ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৬৪৬ | ০৬/১২/২০২১ | রেজি-২ (হোল্ডিং) ঢাকা বিভাগ। |
| ৭ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৬৪৯ | ০৬/১২/২০২১ | রেজি-২ (হোল্ডিং) খুলনা বিভাগ। |
| ৮ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-৭০৯ | ২৩/১২/২০২১ | রেজি-২ (হোল্ডিং) বরিশাল বিভাগ। |

| ছক-গ | | | |
|---|---|---|---|
| অর্থ বছর- ২০২১-২২ (খাত- সফটওয়্যার ও ডাটাবেজ মেইনটেনেন্স, কোড- ৩২৫৮১৪৩) | | | |
| ক্র: | স্মারক নম্বর | তারিখ | বরাদ্দের প্রকৃতি |
| ১ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-১১০৩ | ০৬/০৪/২০২২ | ৭টি জেলার রেকর্ডরুমের ডাটা এন্ট্রি। |
| ২ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-১১৮৮ | ১১/০৪/২০২২ | রেজি-২ (হোল্ডিং) রংপুর বিভাগ। |
| ৩ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-১২৪০ | ০৮/০৫/২০২২ | শেরপুর জেলা রেকর্ডরুমের ডাটা এন্ট্রি। |
| ৪ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-১২৫০ | ১১/০৫/২০২২ | রেজি-২ (হোল্ডিং) রাজশাহী বিভাগ। |
| ৫ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-১২৫৬ | ১২/০৫/২০২২ | রেজি-২ (হোল্ডিং) খুলনা বিভাগ। |
| ৬ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-১২৬৩ | ১২/০৫/২০২২ | রেজি-২ (হোল্ডিং) চট্টগ্রাম বিভাগ। |
| ৭ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-১২৬৭ | ১৬/০৫/২০২২ | রেজি-২ (হোল্ডিং) ঢাকা বিভাগ। |
| ৮ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-১২৭০ | ১৬/০৫/২০২২ | রেজি-২ (হোল্ডিং) ময়মনসিংহ বিভাগ। |
| ৯ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-১২৯৫ | ২৩/০৫/২০২২ | রেজি-২ (হোল্ডিং) বরিশাল বিভাগ। |
| ১০ | ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১-১২৯৬ | ২৩/০৫/২০২২ | রেজি-২ (হোল্ডিং) সিলেট বিভাগ। |
| ১১ | ৩১.০০.০০০০.০৯২.০৪.০০৯.২২-১৩১৫ | ২৪/০৫/২০২২ | পুরাতন নামজারী, ৪৯ জেলা। |

২। ২০২০-২১ অর্থ বছরে প্রদত্ত বরাদ্দের জেলা প্রশাসন হতে ব্যয় বিবরণ প্রতিবেদনে দেখা যায় যে, বরাদ্দ পত্রের নির্দেশনা অনুযায়ী ৩০ জুনের পরে অনেক জেলা উত্তোলিত অব্যয়িত অর্থ আংশিক বা সম্পূর্ণ চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করেছেন।

৩। পরবর্তিতে পর্যালোচনায় দেখা যায় যে, বরাদ্দকৃত অর্থ আইবাস++ হতে উত্তোলন করে অব্যয়িত উত্তোলিত অর্থ চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করলে তা সরাসরি প্রকল্পের হিসেবে বা কোডে জমা হয় না। কিন্তু আইবাস++ সিস্টেম হতে উক্ত অর্থ উত্তোলনের ফলে বরাদ্দকৃত অর্থ দ্বারা ডাটা এন্ট্রি না করেও তা প্রকল্পের ব্যয় হিসেবে বিবেচিত হয়। ফলে পরবর্তিতে প্রকল্পের কাজের হিসেবের গড়মিল হওয়ার সম্ভাবনা আছে।

এমতাবস্থায় ডাটা এন্ট্রি খাতে প্রদত্ত বরাদ্দের ব্যয়ের নির্বাহের জন্য নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করতে অনুরোধ করা হলোঃ

**১) ডাটা এন্ট্রির বিল পরিশোধের জন্য শুধু মাত্র প্রয়োজন অনুযায়ী (যখন যতটুকু প্রয়োজন ততটুকু) আইবাস++ হতে অর্থ উত্তোলন করতে হবে।**

২) রেজিঃ-২ (হোল্ডিং) এর ডাটা এন্ট্রি, পুরাতন নামজারীর ডাটা এন্ট্রি ও রেকর্ড রুমের ডাটা এন্ট্রির জন্য বরাদ্দকৃত অর্থ দ্বারা সংশ্লিষ্ট খাতের ডাটা এন্ট্রির ব্যয় পরিশোধের পর উত্তোলিত অব্যয়িত অর্থ (যদি থাকে) দ্বারা ভূমি মন্ত্রণালয়ের পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগের গত ২১/১২/২০২১ তারিখের স্মারক-৩১.০০.০০০০.০৫৩.১৪.১৪৯.২০.১২২ প্রজ্ঞাপনে ডাটা এন্ট্রির জন্য নির্ধারিত হার অনুযায়ী সয়রাত মহাল, হাট বাজার, খাস জমি ও ভূমি অধিগ্রহণ কেসের আলাদাভাবে হিসাব সংরক্ষণ করতে হবে এবং ডাটা এন্ট্রির ব্যয় নির্বাহ করা যাবে।

৩) প্রয়োজনে অব্যয়িত অর্থ জেলা প্রশাসকের কার্যালয়ের ডাটা এন্ট্রির ব্যাংক হিসাব নামে একটি হিসাব খুলে সে হিসাব নম্বরে জমা রেখে পরের অর্থ বছরে ডাটা এন্ট্রির কাজে ব্যবহার করা যেতে পারে।

৪) কোন উপজেলা / সার্কেল/ মেট্রো ভূমি অফিসের অনুকূলে ছাড়কৃত অর্থ অব্যয়িত থাকলে তা প্রয়োজন অনুযায়ী অন্য উপজেলায় সমন্বয় করতে হবে। প্রতি ক্ষেত্রে আলাদাভাবে হিসাব সংরক্ষণ আবশ্যক।

**৫) ৩০ জুন এর পরে উত্তোলিত অতিরিক্ত টাকা (যদি থাকে) চালানের মাধ্যমে জমা প্রদানের প্রয়োজন হলে ১৪৬০১-০০০০-১৪৪১২০২ কোডে অথবা আইবাস এর অটোমেটেড চালান সিস্টেম : (https://ibas.finance.gov.bd/acs/general/sales#/home/dashboard) এ ১। 'যে সরকারি প্রতিষ্ঠান বরাবর যে উদ্দেশ্যে চালান জমা দেয়া হচ্ছে' মেন্যুতে- ১৪৬০১০১১২৪৬৪৯-সচিবালয়, ভূমি মন্ত্রণালয়- Secretariate, Ministry of Land সিলেক্ট করে ২। কোন কোন খাতে/কোডে অর্থ জমা দেয়া হচ্ছে অপশনে-১৪৪১২০২-পূর্ববর্তী অর্থবছরের অতিরিক্ত গৃহীত অর্থ ফেরত-Recovery of over payment from prior years, সিলেক্ট করে অর্থ জমা প্রদান করতে হবে** এবং অবশ্যই চালানের কপি প্রকল্প অফিসে প্রেরণ করতে হবে।

৬) ডাটা এন্ট্রির জন্য প্রদত্ত সকল বিলের উপর ভ্যাট পরিপত্র (ভ্যাট সেবার নাম-তথ্য প্রযুক্তি নির্ভর সেবা, সেবা কোড-এস ০৯৯.১০) অনুযায়ী ৫% হারে ভ্যাট কর্তন করতে হবে।

৭) ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরে ইতোমধ্যে পরিশোধকৃত কোন বিলে (বরাদ্দপত্র ছক-ক,খ ও গ) এ ভ্যাট কর্তন না করে থাকলে ডাটা এন্ট্রির জন্য বরাদ্দকৃত অর্থ হতে ৫% হারে ভ্যাট কর্তন করতে হবে।

৮) রেকর্ডরুমের ডাটা এন্ট্রির ক্ষেত্রে শুধু মাত্র সর্বশেষ জরিপের খতিয়ানের ডাটা এন্ট্রি বাকি থাকলে সেই খতিয়ানের ডাটা এন্ট্রি করতে হবে।

৯) সকল বরাদ্দ, উত্তোলিত ও পরিশোধকৃত বিলের হিসাব এবং ডাটা এন্ট্রির প্রমাণক হিসেবে ডাটা এন্ট্রিকৃত সফটওয়ারের রিপোর্ট প্রিন্ট করে পরবর্তী অডিটের (Audit) জন্য যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

১০) অর্থ বছর শেষে মোট প্রাপ্ত বরাদ্দ, উত্তোলিত, সমর্পণকৃত (যদি থাকে) ও ব্যয়ের হিসাব বিবরণীর প্রতিবেদন আবশ্যিকভাবে নিম্ন লিখিত ছকে প্রকল্প অফিসে প্রেরণ করতে হবে।

| অর্থ বছর-২০২০-২০২১ | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| বরাদ্দ | | | | ব্যয় | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| জেলার নাম | প্রাপ্ত বরাদ্দ | প্রাপ্ত বরাদ্দ উত্তোলন না করে থাকলে কিংবা উত্তোলিত অর্থ সমর্পণ করে থাকলে পরিমাণ, চালান নম্বর**, তারিখ ও ব্যাংকের নাম | নিট প্রাপ্ত বরাদ্দ | ডাটা এন্ট্রির খাত সমূহ | মোট এন্ট্রির সংখ্যা | মোট ব্যয় | অব্যয়িত অর্থ (যদি থাকে) | মন্তব্য |
| | | | | রেজিঃ-২ | | | | |
| | | | | পুরাতন নামজারি | | | | |
| | | | | রেকর্ডরুম | | | | |
| | | | | অন্যান্য | | | | |
| সর্বমোট | | | | | | | | |
| অর্থ বছর-২০২১-২০২২ | | | | | | | | |
| | | | | রেজিঃ-২ | | | | |
| | | | | পুরাতন নামজারি | | | | |
| | | | | রেকর্ডরুম | | | | |
| | | | | অন্যান্য | | | | |
| সর্বমোট | | | | | | | | |

** চালানের কপি সংযুক্ত করতে হবে।

৪। এমতাবস্থায়, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের আওতায় রেজিঃ-২ (হোল্ডিং), পুরাতন নামজারি ও রেকর্ডরুমের ডাটা এন্ট্রির জন্য বরাদ্দকৃত অর্থের ব্যবস্থাপনা বিষয়ক নির্দেশনাসমূহ পালনের জন্য অনুরোধ করা হলো।

২৮/০৫/২০২২

মোজাফফর আহমেদ
প্রকল্প পরিচালক
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ভূমি মন্ত্রণালয়
ফোন: ৮১৭০১৬৭
pdlandautomation@gmail.com

জেলা প্রশাসক (সকল)
(তিন পার্বত্য জেলা ব্যতীত)

**অনুলিপিঃ সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-**

১ সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২ চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড।
৩ বিভাগীয় কমিশনার, (সকল)।
৪ অতিরিক্ত সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫ উপ-প্রকল্প পরিচালক (বাস্তবায়ন/আইসিটি), ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।

